


দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়  
অনলাইন প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০  
বিষয় : ভূগোল ও পরিবেশ (সৃজনশীল)

সময়-২ঘন্টা ৩০মিনিট

পূর্ণমান-৭০

[বি.দ্র.-সৃজনশীল ১১টি প্রশ্নের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়. পর্যবেক্ষণ কর এবং যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান সমান এবং ডান পার্শ্বস্থ পূর্ণমান জ্ঞাপক।]

১। নিচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



- ক) কক্ষপথ কাকে বলে? ১
- খ) গ্রহকে নক্ষত্র বলা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
- গ) 'পৃথিবী একটিমাত্র গ্রহ যেখানে প্রাণের অস্তিত্ব কল্পনা করা যায়'-উক্তিটির যথার্থতা প্রমাণ কর। ৩
- ঘ) 'M' এবং 'N' চিহ্নিত গ্রহ দুটির বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ২। সৈকত একটি খবর শুনে অবাক হলো যে, পৃথিবীর উপরের অংশ উত্তপ্ত অবস্থায় ছিল। কালক্রমে শীতল ও ঠাণ্ডা হয়ে কঠিন আকার ধারণ করছিল।
- ক) শিলা কাকে বলে? ১
- খ) 'ভূ-পৃষ্ঠের যতই গভীরে যাওয়া হয় ততই তাপমাত্রা বৃদ্ধি পেতে থাকে'-ব্যাখ্যা কর। ২
- গ) ভূ-ত্বক যে সকল উপাদান দ্বারা গঠিত তাদের একটি তালিকা প্রস্তুত কর। ৩
- ঘ) ভূ-পৃষ্ঠের কোন স্তরটি গুরুত্বপূর্ণ এবং কেন? তোমার মতামত তুলে ধর। ৪
- ৩। দুই বন্ধু আদীব ও রাফী প্রতিবছর পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার কারণে চিন্তিত। এ বছরও তাপমাত্রা অনেক বৃদ্ধি পেয়েছে। বিজ্ঞানীদের ধারণা মতে, এসব গ্রীণ হাউস প্রতিক্রিয়ার ফলেই হচ্ছে। এভাবে চলতে থাকলে প্রাকৃতিক দুর্যোগসহ পরিবেশের ভারসাম্য নষ্ট হবে।
- ক) উষ্ণতা কী? ১
- খ) বিশ্ব উষ্ণায়নের ফলে কীভাবে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পায়? ২
- গ) বিশ্ব উষ্ণায়ন রোধকল্পে গৃহীত পদক্ষেপসমূহ উপস্থাপন কর। ৩
- ঘ) জলবায়ু পরিবর্তনে বাংলাদেশ কতটুকু হুমকির সম্মুখীন-বিশ্লেষণ কর। ৪
- ৪। তনু ও সীমা দুজনেই শহরে বাস করে। তনুর শহরটি একটি প্রশাসনিক শহর। অন্যদিকে সীমা যে শহরে বাস করে সেটি আগে গ্রাম হিসেবে পরিচিত ছিল। কিন্তু কয়েক বছর আগে সেখানে একটি ইপিজেড প্রতিষ্ঠা হওয়ায় তা এখন শহর হিসেবে পরিচিত লাভ করেছে।
- ক) শহর-বসতি কাকে বলে? ১
- খ) মাটি কীভাবে বসতি স্থাপনে সহায়তা করে? ২
- গ) সীমার শহরটি গড়ে উঠার পিছনে ইপিজেডের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'তনুর শহরটি সীমার শহর থেকে ভিন্ন প্রকৃতির'-যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৫।

অঞ্চল	মৃত্তিকা	ভূমির উচ্চতা
ক	বেলেপাথর, শেল	৭৩০ মিটার
খ	ধূসর, লালচে	৩১ মিটারের কম

- ক) বাংলাদেশের বেশিরভাগ ভূখন্ডের বৈশিষ্ট্য কী? ১
- খ) বদ্বীপ সমভূমি কীভাবে গঠিত হয়? ব্যাখ্যা কর। ২
- গ) ছকের 'ক' অঞ্চলটি বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক শ্রেণির অন্তর্গত? উপস্থাপন কর। ৩
- ঘ) ছকের 'ক' ও 'খ' অঞ্চল দুটির মধ্যে যে বনভূমি দেখা যায় তার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৬। ২০১১ সালের এক সমীক্ষায় দেখা যায়, বাংলাদেশে তৈরি পোশাক শিল্পে নিয়োজিত কর্মী ও অর্জিত বৈদেশিক মুদ্রার হার একটি সর্ববৃহৎ শিল্পখাত। গত ২০ বছরে এ শিল্প খাতের উল্লেখযোগ্য বিকাশে ঘটেছে। তারপরেও কিছু গুরুত্বপূর্ণ কারণে এ শিল্পের ভবিষ্যৎ নিয়ে সবাই উদ্বিগ্ন।
- ক) কোন গাছের ফল থেকে তুলা সংগ্রহ করা হয়? ১
- খ) বাংলাদেশের বস্ত্র শিল্পে স্বয়ংসম্পূর্ণ নয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ) 'বাংলাদেশে তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠার অনুকূল পরিবেশ বিদ্যমান'- এর পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৩
- ঘ) এ দেশে তৈরি পোশাক শিল্পের সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত কর এবং উক্ত ঝুঁকি মোকাবেলায় গৃহীত পদক্ষেপসমূহ বিশ্লেষণ কর। ৪
- ৭। জয়নাল ও বিশাল উভয়ই শিক্ষার্থী। তারা একদিন বুড়িগঙ্গা ও শীতলক্ষ্যা নদীতে নৌকা ভ্রমণে যায়। তারা উভয় নদীর পানির রং স্বাভাবিক না দেখে এবং পানি থেকে একটা দুর্গন্ধ বের হওয়ায় রীতিমতো উদ্বিগ্ন।
- ক) বাস্তুসংস্থান কাকে বলে? ১
- খ) পরিবেশের ভারসাম্যহীনতা বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
- গ) শিক্ষার্থীদের দেখা নদী দুইটির পানির রং অস্বাভাবিক হওয়ার কারণসমূহ চিহ্নিত কর। ৩
- ঘ) উক্ত নদীগুলোর পানির রং স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে গৃহীত পদক্ষেপসমূহ বিশ্লেষণ কর। ৪

৮।




- ক) দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
- খ) দুর্যোগ ব্যবস্থাপনার উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২
- গ) উপরোক্ত চক্রের পূর্ব-প্রস্তুতি স্তরের কার্যাবলী উপস্থাপন কর। ৩
- ঘ) উল্লেখিত চক্রের আলোকে দুর্যোগ ব্যবস্থাপনার মুখ্য উপাদানগুলো বিশ্লেষণ কর। ৪

৯।



- ক) খনিজ কাকে বলে? ১
- খ) পাললিক শিলার জীবাশ্ম দেখা যায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ) উপরের চিত্রে 'A' চিহ্নিত স্তরের বৈশিষ্ট্য তুলে ধর। ৩
- ঘ) উপরের চিত্রে 'B' ও 'C' স্তরের গঠনগত বৈশিষ্ট্যের ভিন্নতা আছে বী. তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪
- ১০। আবেদ টেলিভিশনে ভূগোলের ওপর প্রচারিত একটি প্রতিবেদন থেকে জানতে পারলেন, নদীর শ্রোতের বেগ একেবারে কমে গেলে এক বিশেষ ধরনের ভূমির সৃষ্টি হয়। অপরদিকে বর্ষাকালে পলি জমা হয়েও এক ধরনের ভূমি সৃষ্টি হয় যা সমগ্র বাংলাদেশে দেখতে পাওয়া যায়।
- ক) পৃথিবীর ভূমিরূপ কয় ভাগে ভাগ করা যায়? ১
- খ) আগ্নেয় পর্বতের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে উল্লিখিত বিশেষ ভূমিরূপ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকে উল্লিখিত ভূমিরূপটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১১।



- ক) বাংলাদেশে কোন শিল্প বেশি গড়ে উঠেছে? ১
- খ) শিল্পের স্থানিক পরিবর্তনের কারণ ব্যাখ্যা কর। ২
- গ) সম্পদ ও জনসংখ্যার মধ্যে ভারসাম্য থাকা প্রয়োজন কেন? ৩
- ঘ) পাট ও বস্ত্র শিল্প বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কিরূপ ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪